সমকাল
তারিখ: 09 APR 2017
পৃষ্ঠা ৪ কলাম ৪

# দক্ষ মানবসম্পদ তৈরিতে কারিগরি শিক্ষার বিকল্প নেই

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দক্ষ জনশক্তি পৃথিবীর যে কোনো রাষ্ট্রের জাতীয় উন্নয়নের একটি অপরিহার্য অনুষঙ্গ। বিজ্ঞান ও প্রযুক্তির নতুন নতুন আবিষ্কারের ফলে বিশ্বব্যাপী কৌশল ও পদ্ধতির দ্রুত পরিবর্তন ঘটছে। এই পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে দেশকে উন্নত ও বেকারমুক্ত করতে হলে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। এ জন্য কারিগরি শিক্ষার কোনো বিকল্প নেই।

গতকাল শনিবার বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (এসআইএমটি) আয়োজিত 'জব রিপ্লেসমেন্ট সেলিব্রেশন-২০১৭' অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে গুরুত্ব দিয়ে এর উন্নয়নে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি বলেন, কারিগরি শিক্ষা গ্রহণ করে শিক্ষার্থীরা যে বেকার থাকে না- তার বাস্তব উদাহরণ সাইকের আজকের এ উৎসব।

এসআইএমটির চেয়ারম্যান আবু হাসনাত মো. ইয়াহিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব ও কারিগরি অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বিশ্বব্যাংকের স্কিল অ্যান্ড ট্রেনিং ইনহ্যান্সমেন্ট প্রজেক্টের (এসটিইপি) প্রকল্প পরিচালক এবিএম আজাদ, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশন্স অফিসার মো. মোখলেছুর রহমান, এসএমআইটির ব্যবস্থাপনা পরিচালক সোহেলী ইয়াছমিন প্রমুখ।

অনুষ্ঠানে ১০ জন দৃষ্টি প্রতিবন্ধীকে সাইকের শিক্ষার্থীদের উদ্ভাবনকৃত 'স্মার্ট ব্লাইন্ড স্টিক' প্রদান করা হয়। এ ছাড়া 'জব প্লেসমেন্ট' নামের বইয়ের মোড়ক উন্মোচন, কেক কেটে শিক্ষার্থীদের চাকরি প্রদানের সফলতা উদযাপন এবং সাইকের শিক্ষার্থীদের চাকরিসহ বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়ার জন্য নতুন করে আরও ২২টি ইন্ডাস্ট্রির সঙ্গে এমওইউ চুক্তি সই হয়।